আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

চিরিরবন্দর, দিনাজপুর।

শিক্ষকঃ সুকুমার রায় মোবাইলঃ ০১৭৩৭৮৪৯৩০৯

সপ্তম সপ্তাহ

শ্রেণি: ৯ম **বিষয়: গণিত**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	তৃতীয় অধ্যায়: বীজগাণিতিক রাশি	• বীজগাণিতিক রাশি • বর্গসংবলিত সূত্রাবলি • ঘনসংবলিত সূত্রাবলি • উৎপাদকে বিশ্লেষণ • বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতক সূত্রগঠন ও প্রয়োগ	কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতে কোনো এলাকার একটি যুবসংঘ, অসহায় 100 টি পরিবারের এক সপ্তাহ চলার মতো খাদ্য ও নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণের উদ্দ্যেশে 2,10,000 টাকার একটি বাজেট প্রণয়ন করলো। তাই প্রত্যেক সদস্য সমান চাঁদা প্রদান করার সিদ্ধান্ত নিলেন। কিন্তু চাঁদা দেওয়ার সময় 10 জন সদস্য চাঁদা দিতে ব্যর্থ হলেন। ফলে প্রত্যেক সদস্যের মাথাপিছু চাঁদার পরিমাণ 50 টাকা করে বেড়ে গেল। **নিচের ধাপগুলোর সমাধান কর:** **ধাপ ১:** যুবসংঘের সকল সদস্য চাঁদা প্রদান করলে, সদস্য সংখ্যাকে x এবং সদস্যদের মাথাপিছু চাঁদার পরিমাণকে a ধরে মোট চাঁদার পরিমানকে x এর মাধ্যমে প্রকাশ কর। **ধাপ ২:** 10 জন সদস্য চাঁদা না দেওয়ার ফলে মোট চাঁদার পরিমানকে x এর মাধ্যমে প্রকাশ কর। **ধাপ ৩:** ঐ যুবসংঘ সদস্যদের প্রত্যেকের মাথাপিছু চাঁদার পরিমান নির্ণয় কর। **ধাপ ৪:** প্রত্যেক পরিবারের জন্য যুবসংঘের দেওয়া খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি উদ্দীপকে উল্লিখিত সময়ের জন্য পর্যাপ্ত কী-না? ব্যাখ্যা কর।	• মাথাপিছু চাঁদার পরিমাণ নির্ণয়ে উৎপাদকে বিশ্লেষণ পদ্ধতি ব্যবহার করবে। • প্রত্যেক পরিবারের দেওয়া সামগ্রীর অর্থের পরিমান নির্ণয় করে সংক্ষিপ্ত আকারে মতামত লিখবে।	• সমাধানের সঠিকতা • যৌক্তিক মতামত

শিক্ষক মোঃ আসাদুজ্জামান মোবাইলঃ ০১৭১৪৫৫৭৮১৮

শ্রেণি: ৯ম **বিষয়: রসায়ন বিজ্ঞান**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: পদার্থের অবস্থা	• পদার্থ ও পদার্থের অবস্থা • কণার গতিতত্ত্ব • গতিতত্ত্ব ও পদার্থের ভৌত অবস্থা • ব্যাপন ও নিঃসরণের বাস্তব ঘটনা • ব্যাপন ও নিঃসরণ • মোমবাতির জ্বলন ও মোমের তিন অবস্থা • গলন ও স্ফুটন, বাষ্পীভবন, ঘনীভবন, উর্ধ্ব পাতন প্রক্রিয়া • তাপমাত্রা বৃদ্ধিতে ব্যাপন হার বৃদ্ধি পরীক্ষা • পাতন ও উর্ধ্ব পাতন	**"বালু মিশ্রিত খাবার লবণকে খাবার উপযোগী করা সম্ভব"।** যে পদ্ধতিতে তুমি লবণকে খাবার উপযোগী করবে তার বিভিন্ন ধাপের বর্ণনা চিত্রসহ প্রতিবেদন আকারে লিখ।	• বাসায় কাজটি হাতে-কলমে সম্পন্ন করবে। • প্রয়োজনে খাবার লবণের সাথে কিছু বালু মিশ্রিত করে নিতে হবে। • সম্পন্ন ধাপগুলোর বর্ণনা করবে এবংচিত্র অংকন করবে।	**অতি উত্তম:** • পদ্ধতির সঠিক নাম ও বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনা করতে পারলে। • চিত্র ও বর্ণনা নান্দনিক হলে। • বাক্য গঠনসহ প্রতিবেদন উপস্থাপনের ধারাবাহিকতা বজায় থাকলে। **উত্তম:** • পদ্ধতির সঠিক নাম ও বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনা করতে পারলে। • বাক্য গঠনসহ প্রতিবেদন উপস্থাপনের ধারাবাহিকতা বজায় থাকলে। **ভালো:** • ধারাবাহিকতা ব্যতীত বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনা করতে পারলে। **অগ্রগতি প্রয়োজন:** • পদ্ধতির সঠিক নাম ও বিভিন্ন ধাপের চিত্রসহ বর্ণনার সঠিকতা না থাকলে।